রাজনীতির ভিতর ধর্ম আনতে চায় না, ধর্ম যার যার রাষ্ট্র সবার

কোনো সংখ্যা গুরু বুঝিনা, কোনো সংখ্যা লঘু বুঝিনা, আপনারা আমার ভাই। আমরা সবাই ভাই ভাই। ধর্মীয় সম্প্রীতিতে বিশ্বাস করি, রাজনীতির ভিতর ধর্ম আনতে চায় না। ধর্ম যার যার রাষ্ট্র সবার। চুয়াডাঙ্গার জীবননগরে পূজামন্ডপ পরিদর্শন শেষে বিজিএমইএর সভাপতি মাহমুদ হাসান খান বাবু এসব কথা বলেন।

বৃহস্পতিবার বিকেলে তিনি জীবননগর পৌর এলাকার বেশ কয়েকটি পূজা মন্ডপ পরিদর্শন করেন। বিজিএমই ও জেলা বিএনপি’র সভাপতি মাহমুদ হাসান খান বাবু আরো বলেন জাতি, ধর্ম, বর্ণ, নির্বিশেষে আমাদের একটাই পরিচয় আমরা বাংলাদেশের মানুষ।

এ সময় উপস্থিত ছিলেন, জীবননগর পৌর বিএনপি’র সভাপতি শাহজাহান কবির, সিনিয়র সহ-সভাপতি তাজুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক নাসির উদ্দিন ঠান্ডু, বিএনপি নেতা আব্দুল হামিদসহ দলীয় নেতাকর্মীর। এছাড়াও পূজামন্ডপ কমিটির সদস্য ও সনাতন ধর্মাবলম্বীর মানুষরা উপস্থিত ছিলেন।

দাড়িপাল্লায় ভোট দিলে জিতে যাবে জনগণ

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনিত চূয়াডাঙ্গা-২ আসনের এমপি পদপ্রার্থী জেলা আমীর এডভোকেট রুহুল আমিন জীবননগর শহরে বিভিন্ন এলাকায় গণসংযোগ করেন।

বৃহস্পতিবার বিকাল ৫ টার সময় তিনি জীবননগর জামায়াত অফিস থেকে জীবননগর শহরের চ্যাংখালী রোড পর্যন্ত ব্যবসায়ীদের মাঝে গণসংযোগ করেন। গণসংযোগ কালে তিনি বলেন, দাড়িপাল্লায় ভোট দিলে জিতে যাবে জনগণ।

জামায়াতে ইসলামী সাধারণ প্রান্তিক জনগোষ্ঠি চাওয়া পাওয়া কে মাথায় নিয়ে দেশ পরিচালনা কররে। দাড়িপাল্লা সাধারণ মানুসের প্রিয় প্রতীক। তিনি বলেন, যারা আপনাদের বন্ধু হবেনা তাদেরকে প্রত্যাখ্যান করুন। আমরা আপনাদের উত্তম বন্ধু হতে চাই।

জামায়াতে ইসলামী সরকার গঠন করলে এ দেশে উন্নতি আর দূর্নীতি একসাথে চলবে না। সবরকম দূর্নীতিকে জাদুঘরে পাঠানো হবে।

টাকা ছাড়াই আপনার সন্তানকে চাকুরির ব্যবস্থা করতে চাই। জামায়াত মানুষের হক তার দোর গোড়ায় পৌঁছে দিতে চাই। আমরা শাসক নই বরং জনগণের সেবক হতে চাই। জীবননগর হাসপাতালকে আধুনিকায়ন করে স্বাস্থ্য সেবার মান আরো উন্নত করা হবে। তিনি আরো বলেন, বৈচিত্রময় কৃষি প্রধান জীবননগর এলাকায় একটি কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ নেয়া হবে।

গণসংযোগকালে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা নায়েবে আমীর মাওলানা আজিজুর রহমান, জেলা সেক্রেটারি এডভোকেট আসাদুজ্জামান, জেলা তালিমুল কুরআন বিভাগের সভাপতি মাওলানা মহিউদ্দীন, জেলা প্রশিক্ষণ সম্পাদক জিয়াউল হক, জেলা মাজলিসুল মুফাসসিরিনি পরষিদের সভাপতি মাওলানা হাফিজুর রহমান, জীবননগর উপজলো আমীর মাওলানা সাজেদুর রহমান, নায়েবে আমীর সাখাওয়াত হোসেন, হাফেজ বিল্লাল হোসেন, জীবননগর উপজলোর সেক্রেটারি মাহফুজুর রহমান, সহকারী সেক্রেটারি মাওলানা আবু বকর, মাওলানা সাইদুল হক, আইটি সম্পাদক হারুন অর রশীদ, উপজেলা কর্ম পরিষদ সদস্য মাওলানা আল আমিন, উপজেলা শ্রমিক কল্যাণ সভাপতি কামাল উদ্দীন, জীবননগর পৌর আমীার হাফেজ ফিরোজ হোসেন, উপজেলা যুব বিভাগের সভাপতি মাজেদুর রহমান লিটন, পৌর সেক্রেটারি ইব্রাহিম খলিল, জামায়াত নেতা শফিকুল ইসলাম, মোজাম হোসেন মিয়া, আতিয়ার রহমান, গোলাম মোস্তফা, পৌর যুব সভাপতি আরিফুল ইসলাম জোয়ারদ্দার, শ্রমিক নেতা সিরাজ উদ্দীন, মোহাম্মদ আলী, যুবনেতা মোমিনল ইসলাম, আব্দুল মোতালেব, মোস্তাফিজুর রহমান মিলন, আলমগীর হোসেন, মোঃ সুজন মিয়া, সায়মুম শাহরিয়ার প্রমুখ।

গাংনীতে ধানের শীষের পক্ষে বিএনপির মিছিল

মেহেরপুরের গাংনীর কাজিপুর ইউনিয়নে বিএনপির উদ্যোগে ধানের শীষের পক্ষে মিছিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার কাজিপুর ইউনিয়নের ৯নং ওয়ার্ড বিএনপির উদ্যোগে ধানের শীষের এ মিছিলের আয়োজন করা হয়।

ধানের শীষের পক্ষের এ মিছিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌর বিএনপির সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । এসময় গাংনী উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, জেলা কৃষকদলের আহ্বায়ক মাহবুবুর রহমান, কাজিপুর ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক মতিয়ার রহমান মোল্লা প্রমুখ।

এসময় কাজিপুর ইউনিয়নের ৯নং ওয়ার্ড ভবানীপুর গ্রাম থেকে বেতবেরিয়া পর্যন্ত ধানের শীষের পক্ষে এই মিছিল অনুষ্ঠিত হয়।

মুজিবনগরে ধানের শীষের ভোট চেয়ে আমিরুল ইসলামের গণসংযোগ ও পথসভা

মুজিবনগর বিএনপির চেয়ারপার্সন তারেক রহমানের ৩১ দফা দাবি বাস্তবায়নসহ ধানের শীষের পক্ষে ভোট চেয়ে গণসংযোগ করেছে মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম।

বুধবার বিকালে গণসংযোগের উদ্দেশ্যে মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নে পৌঁছালে মহাজনপুর ইউনিয়নবাসী ও বিএনপির নেতাকর্মীরা তাকে বরণ করে নেন।

আমিরুল ইসলামকে একনজর দেখার জন্য রাস্তার দুই ধারে নারী-পুরুষ-শিশুসহ অসংখ্য লোকের ভিড় জমে যায়। এ সময় তারা হাততালি দিয়ে আমিরুল ইসলামকে শুভেচ্ছা জানান এবং ধানের শীষের পক্ষে স্লোগান দেন।

এ সময় সাধারণ জনগণকে ধানের শীষে ভোট দিতে আহ্বান জানান তিনি। পরে তিনি পরানপুর, বাবুপুর ও মহাজনপুর গ্রামে ধানের শীষের পক্ষে ভোট চেয়ে গণসংযোগ, পথসভা ও ৩১ দফার লিফলেট বিতরণ করেন।

এ সময় সাধারণ জনগণের মাঝে তারেক জিয়ার ৩১ দফা দাবি বাস্তবায়নসহ ধানের শীষের পক্ষে ভোট প্রদানে উৎসাহিত করা হয়।

গণসংযোগকালে পথসভায় বিএনপির নেতা-কর্মী ও সমর্থকদের উদ্দেশ্যে তিনি বলেন, ১৬ বছর আওয়ামী লীগের জুলুম-নির্যাতন সহ্য করে আন্দোলন-সংগ্রামের মধ্য দিয়ে আমরা নতুন একটি দেশ পেয়েছি। আপনারা জাতীয়তাবাদী শক্তিকে শক্তিশালী করে ধানের শীষে ভোট দিয়ে বেগম খালেদা জিয়া ও তারেক রহমানকে রাষ্ট্রীয় ক্ষমতায় বসিয়ে ১৬ বছরের আন্দোলন-সংগ্রামের সফলতা নিয়ে আসবেন।

তিনি আরও বলেন, বেগম খালেদা জিয়া ও তারেক রহমান যাকে ধানের শীষের প্রতীক দিয়ে আমাদের মাঝে পাঠাবেন, আমরা তার হয়ে একযোগে ধানের শীষের পক্ষে ভোট দিয়ে তার বিজয় সুনিশ্চিত করব।

গণসংযোগকালে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক হাজী মশিউর রহমান, মহাজনপুর ইউনিয়ন বিএনপির সভাপতি আশরাফুল হক কালু, সাধারণ সম্পাদক সোনা গাইন, বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক ইসলাম আলী, মোনাখালী ইউনিয়ন বিএনপির সভাপতি রায়হান কবীর, সাধারণ সম্পাদক আনিসুজ্জামান টুটুল, দারিয়াপুর ইউনিয়ন বিএনপির সভাপতি হাফিজুর, সাধারণ সম্পাদক জিয়াউর রহমান, জেলা যুবদলের দপ্তর সম্পাদক হাবিবুর রহমান ভিকু, মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক নাহিদুল ইসলাম, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রদলের সভাপতি ফাহিম আহনাফ লিংকনসহ মহাজনপুর ইউনিয়ন, ওয়ার্ড, গ্রাম বিএনপির নেতাকর্মী এবং মুজিবনগর উপজেলা বিএনপি, যুবদল, কৃষক দল, স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের নেতাকর্মীরা।

মেহেরপুরের শ্যামপুরে বিএনপির উদ্যোগে দিনব্যাপী বিনামূল্যে মেডিকেল ক্যাম্প

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে জেলা বিএনপির উদ্যোগে বিনামূল্যে চিকিৎসা সেবা ও ওষুধ বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (১ অক্টোবর) সকাল ১০টায় জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের আয়োজনে এ কর্মসূচি পালিত হয়।

অনুষ্ঠানে জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, “তারেক রহমানের ৩১ দফা দাবি আদায়ের লক্ষ্যে আমরা কাজ করে যাচ্ছি। জনগণের মৌলিক অধিকার ও সুচিকিৎসা নিশ্চিত করাই আমাদের উদ্দেশ্য। তারেক রহমানের নির্দেশেই আমরা সব কার্যক্রম পরিচালনা করছি।

এ সময় স্থানীয় শতাধিক মানুষ চিকিৎসা সেবা নেন এবং প্রয়োজনীয় ওষুধ বিনামূল্যে সংগ্রহ করেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক ইলিয়াস হোসেন। উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু,সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাইদুল ইসলাম, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, সদর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুল হামিদ খান গাজু ও সাংগঠনিক সম্পাদক সৌরভ উদ্দিন

শ্যামপুর ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি ফজলুর রহমান ৬ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি শাহজাহান মাস্টার বিএনপি নেতা সুইট জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহসহ দলীয় অন্যান্য নেতৃবৃন্দ।

নেতৃবৃন্দ বলেন, “জনগণের দুঃখ-দুর্দশায় পাশে দাঁড়ানোই বিএনপির মূল লক্ষ্য। ক্ষমতা নয়, মানুষের কল্যাণই আমাদের রাজনীতির মূল

উদ্দেশ্য। তাই এ ধরনের মানবিক কার্যক্রম ভবিষ্যতেও অব্যাহত থাকবে।”

মেহেরপুরে এনসিপি’র পিরোজপুর ইউনিয়ন আহ্বায়ক কমিটি গঠন

মেহেরপুর সদর উপজেলার ৫নং পিরোজপুর ইউনিয়নে আগামী তিন মাসের জন্য জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) ২১ সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটির অনুমোদন করা হয়েছে। গতকাল মঙ্গলবার জাতীয় নাগরিক পার্টি মেহেরপুর সদর উপজেলার প্রধান সমন্বয়কারী হাসমত উল্লাহ ও যুগ্ম সমন্বয়কারী সালাউদ্দিন রনির স্বাক্ষরিত এক পত্রে কমিটি অনুমোদনের বিষয়টি জানানো হয়েছে।

কমিটিতে আহ্বায়ক হিসেবে দায়িত্ব পেয়েছেন, মোঃ টিটন এবং সদস্য সচিব হিসেবে আনারুল ইসলাম। যুগ্ম আহ্বায়ক পদে রয়েছেন মোঃ পাইন আলী, মুফতি মোঃ মফিজুর রহমান ও মোঃ মনিরুল ইসলাম। যুগ্ম সদস্য সচিব হিসেবে আছেন মোঃ উল্লাস, মোঃ রবিউল ইসলাম ও শ্রী ছমির দাস। মুখ্য সংগঠক হিসেবে রয়েছেন আব্দুল হালিম।

এছাড়াও আব্দুস সালাম, মোঃ সিরাজুল ইসলাম, মোঃ লুৎফর রহমান, মোঃ রাজন, মোঃ বিপ্লব, মোঃ নাসিম রেজা, মোঃ আজিজুল, মোঃ শামীম, মোঃ রবিউল ইসলাম, সুন্নত আলী, মোঃ মহিদুল ইসলাম ও অধ্যাপক মোহাঃ দারুস সালাম সদস্য হিসেবে দায়িত্ব পালন করবেন।

কুরআন-হাদীসই হলো আল্লাহ ও

তার রাসুলের প্রদর্শিত পথের একমাত্র মাধ্যম

বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের দর্শনা কেরুজ শ্রমিক কর্মচারী ইউনিটের উদ্যোগে সীরাতুন্নবী (সাঃ) মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বাদ মাগরিব দর্শনা কেরুজ জামে মসজিদে মোঃ জাহিদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সীরাত মাহফিলে প্রধান অতিথির বক্তব্য রাখেন, জেলা জামায়াতের আমীর মোঃ রুহুল আমিন। বক্তা ছিলেন, জেলা জামায়াতের নায়েবে আমীর মাওলানা মোঃ আজিজুর রহমান, মাজলিসুল মুফাসছিরিনের কেন্দ্রীয় নেতা মাওলানা আবু জার গিফারী, জামায়াতের জেলা সেক্রেটারী অ্যাডভোকেট মোঃ আসাদুজ্জামান প্রমুখ।

এছাড়াও উপস্থিত ছিলেন- জেলা সহকারী সেক্রেটারী মোঃ আব্দুল কাদের, দর্শনা থানা আমীর মাওলানা রেজাউল ইসলাম, সহকারী সেক্রেটারী জাহিদুল ইসলাম জাহিদ, দর্শনা পৌর আমীর মোঃ সাহিকুল আলম

সংক্ষিপ্ত বক্তব্যে জেলা আমীর রুহুল আমিন বলেন, মানুষের হেদায়েতের জন্য আল্লাহ রাব্বুল আলামীন রাসুল (সাঃ) এর মাধ্যমে কুরআন নাজিল করেছেন, আর রাসুল (সাঃ) তার ২৩ বছর নবুয়তের জিন্দেগীতে আমাদের জন্য এই জীবন বিধানকে হাতেকলমে শিখিয়ে গেছেন। সুতরাং এই কুরআন-হাদীসই হলো আল্লাহ ও তার রাসুলের প্রদর্শিত একমাত্র পথ। এর বাইরে কোন মতপথের অনুসারী হওয়া কোন মুসলমানের সুযোগ নেই। তাই জামায়াতে ইসলামী মানবতার কল্যাণ, দেশ পরিচালনার জন্য যোগ্য মানুষ তৈরী ও আল্লাহর সন্তÍ◌ুষ্টি অর্জনের জন্য কাজ করে যাচ্ছে। এ ভিশন বাস্তবায়নের জন্য আমরা আপনাদের সহযোগীতা চাই। প্রসঙ্গিক আলোচনায় তিনি কেরু এ্যান্ড কোম্পানীর শ্রমিকদের জেলার ঐতিহ্যবাহী এই শিল্প কমপ্লেক্সকে রক্ষায় আরো আন্তরিক হবার আহবান জানান। তিনি বলেন আমাদের পূর্বপুরুষেরা এই কেরুর মাধ্যমে সারাদেশে এই জেলাকে সন্মানের আসনে সমাসীন করে গেছেন। আমাদের এবং ভবিষ্যত প্রজন্মের স্বার্থে যে কোন মূল্যে এক রক্ষা করতে হবে।

বাদ এশা তিনি দর্শনার হরিজন সম্প্রদায়ের সাথে দেখা করেন এবং তাদের খোঁজখবর নেন। এ সময় তাদের উদ্দ্যেশে সংক্ষিপ্ত বক্তব্যে বলেন- আমাদের ধর্মীয় পরিচয় আলাদা হলেও আমরা সকলেই বাংলাদেশী।

সুতরাং এই দেশে বসবাসকারী সবার সাথে আমরা মিলেমিশে দেশকে গড়তে চাই। ইসলাম সকল সম্প্রদায়ের সহাবস্থানকে নিশ্চিত করেছে। আপনারা আপনাদের ধর্ম পালন করবেন কেউ বাধা দেবেনা। আমরা আপনাদের যে কোন সমস্যায় সর্বদা পাশে আছি।

আলমডাঙ্গা বেলগাছিতে জামায়াতের পথসভা অনুষ্ঠিত

আলমডাঙ্গা উপজেলার বেলগাছি গ্রামের পূর্বপাড়ায় বাংলাদেশ জামায়াতে ইসলামের উদ্যোগে এক পথসভা অনুষ্ঠিত হয়। গতকাল মঙ্গলবার এই সভা অনুষ্টিত হয়েছে। উক্ত পথসভায় সভাপতিত্ব করেন, বেলগাছি গ্রামের ৯ নং ওয়ার্ড সভাপতি আনিসুর রহমান।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা জামায়াতের সহকারী সেক্রেটারি এবং মনোনীত প্রার্থী অ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল। তিনি বলেন, “ন্যায় ও ইনসাফভিত্তিক সমাজ প্রতিষ্ঠা এবং সৎ ও যোগ্য নেতৃত্বের মাধ্যমে এলাকার উন্নয়নের জন্য আমি আপনাদের সন্তান হিসেবে দোয়া চাই।”

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-১ আসনের নির্বাচন পরিচালক ও জেলা যুব বিভাগের সভাপতি শেখ নূর মোহাম্মদ হোসাইন টিপু, জেলা আইন হলুদ বিষয়ক সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান পদপ্রার্থী দারুস সালাম, উপজেলা আমীর ও উপজেলা ভাইস চেয়ারম্যান পদপ্রার্থী প্রভাষক শফিউল আলম বকুল, উপজেলা সেক্রেটারি মামুন রেজা, শ্রমিক কল্যাণ সভাপতি আলহাজ মেহেদী হাসান, শফিউজ্জামান মিঠু, ইউনিয়ন সভাপতি আমান উদ্দিন, সহ-সভাপতি মাওলানা শহিদুল হক, ইউনিয়ন সেক্রেটারি মাওলানা শওকত আলী, ইউনিয়ন নির্বাচন বিভাগের পরিচালক জহিরুল ইসলাম মজনু, ইউনিয়ন সরকারি সেক্রেটারি আব্দুল জব্বার, ফরিদপুর ২ নম্বর ওয়ার্ড সভাপতি আহসান হাবিব, কাশিপুরে সভাপতি আতিয়ার রহমান, কেদারনগরের সভাপতি লুৎফার রহমান, বেলগাছি গ্রামের ৭নং ওয়ার্ড সভাপতি রওশন শেখ, ৮ নং ওয়ার্ড সভাপতি আলাইহিম, যুব বিভাগের সভপতি শরিফুল ইসলাম শরীফ, সেক্রেটারি

সাব্বির আহমেদ, শ্রমিক কল্যাণের ইউনিয়ন সভাপতি বেলগাছি আশরাফুল আলম, গ্রাম কমিটির সভাপতি খোকন মাসুদ, ডামোশ গ্রাম কমিটির সভাপতি জয়নাল আবেদীন, ফরিদপুরের সহ-সভাপতি মানোয়ার হোসেন। আরো উপস্থিত ছিলেন, ১নং ওয়ার্ড সভাপতি জাহাঙ্গীর আলম মনি,২নং ওয়ার্ড সভাপতি আহসান হাবীব, শ্রমিক কল্যাণের সভাপতি বাবলুর রহমান প্রমুখ।

ভারতে পালানোর সময় গোপালগঞ্জ জেলা আওয়ামীলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক দর্শনা ইমিগ্রেশনে গ্রেফতার

ভারতে পালানোর সময় গোপালগঞ্জ জেলা আওয়ামীলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক এস এম মুনির দর্শনা ইমিগ্রেশন পুলিশ গ্রেফতার করেছে। গতকাল মঙ্গলবার সন্ধ্যায় তাকে গ্রেফতার করে।

তার নামে গোপালগঞ্জ থানায় একটি নাশকতা মামলা রয়েছে। এ ঘটনায় ইমিগ্রেশন ইনচার্জ এস আই তুহিন বলেন, সন্ধ্যার আগ দিয়ে দর্শনা ইমিগ্রেশন চেকপোষ্টে পৌছায়। আমারা তার পাসপোর্ট চেকিং করে দেখি তার বিরুদ্ধে গোপালগঞ্জ থানায় একটি মামলা রয়েছে।

এ বিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ শহীদ তিতুমীর ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, আমরা রাত সাড়ে ৭ টার দিকে তাকে গ্রেফতার করে দর্শনা থানায় নিয়ে এসেছি। গতকালই তাকে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরণ করা হবে।

আলমডাঙ্গায় পূজামণ্ডপ পরিদর্শনে শামসুজ্জামান দুদু

আলমডাঙ্গায় সর্বজনীন দুর্গোৎসব উপলক্ষে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) কেন্দ্রীয় কমিটির ভাইস প্রেসিডেন্ট ও চুয়াডাঙ্গা-১ আসনের দুইবারের সাবেক সংসদ সদস্য শামসুজ্জামান দুদু স্থানীয় পূজামণ্ডপ পরিদর্শন করেন।

তিনি পূজামণ্ডপে উপস্থিত থেকে সংখ্যালঘু সনাতনী হিন্দু সম্প্রদায়ের মানুষের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন এবং নিরাপত্তা নিশ্চিতকরণে আশ্বস্ত করেন।

এ সময় তিনি বলেন, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের হাত ধরে বাংলাদেশে গণতন্ত্র ফিরে এসেছিল। তেমনি বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে বাংলাদেশে একটি গণতান্ত্রিক ও অসাম্প্রদায়িক রাষ্ট্র গঠিত হবে। আপনারা নির্বিঘ্নে দুর্গোৎসব পালন করবেন। পুলিশ প্রশাসন সবসময় নিরাপত্তা নিশ্চিত করতে সচেষ্ট আছে।

এ সময় তার সঙ্গে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা বিএনপির সাবেক যুগ্ম আহ্বায়ক অ্যাডভোকেট ওয়াহেদুজ্জামান বুলা, শহিদুল ইসলাম রতন, অ্যাডভোকেট শামিম রেজা ডালিম, আলমডাঙ্গা উপজেলা বিএনপির সাবেক সভাপতি শহিদুল কাওনাইন টিলু, সাবেক সাধারণ সম্পাদক শেখ সাইফুল ইসলাম, জেহালা ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আসিরুল ইসলাম সেলিম, বুরহান উদ্দিন, চুয়াডাঙ্গা জেলা যুবদলের সিনিয়র সহ-সভাপতি আশরাফ বিশ্বাস মিল্টু, সহ-সভাপতি মাগরিবুর রহমান প্রমুখ।